

Upload  
26/02/2028

কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট  
গাজীপুর-১৭০১

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০১১.২৩.৩২৭২

তারিখ: ১৫-০১-২০২৪

**বিষয়ঃ** জনাব আহম্মদ মোস্তফা কামাল BARI0625, বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট ফার্ম, রংপুরকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে “বরখাস্ত” গুরুত্ব প্রদানের নিমিত্ত একই প্রবিধানমালার ৫২ (৬) উপ-প্রবিধি মোতাবেক ২য় কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি জনাব আহম্মদ মোস্তফা কামাল BARI0625, বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট ফার্ম, রংপুর ০১-০৬-২০২২ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (ক) (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের” অভিযোগে অভিযুক্ত করে ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০১১.২৩.৭৭৫৭ তারিখ: ০১-০৬-২০২৩ মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু আপনার বিরুদ্ধে জারিকৃত ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে আপনি কোনরূপ জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ রক্ষা না করায় রুজুকৃত বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭. ০১১.২৩.১৪০৩ তারিখ: ২৪-০৯-২০২৩ মোতাবেক ড. মো. মোবারক আলী BARI0184, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র, বারি, গাজীপুরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়;

যেহেতু তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (ক) (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়ন” এর অভিযোগ প্রমাণিত হয়েছে সেহেতু উক্ত প্রবিধানমালার ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে “বরখাস্ত” করা হবে না অথবা অন্য কোন গুরুত্ব প্রদান করা হবে না এ বিষয়ে নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শাতে নির্দেশ দেয়া হলো।

সংযুক্তঃ তদন্ত প্রতিবেদন।

স্বাক্ষরিত/-

(ড. দেবশীষ সরকার)  
মহাপরিচালক (গ্রেড-১)  
ফোনঃ ০২-৪৯২৭০০০০

প্রাপকঃ

রেজি./এডিঃ

জনাব আহম্মদ মোস্তফা কামাল BARI0625  
বৈজ্ঞানিক কর্মকর্তা  
আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট ফার্ম, রংপুর।

রেজি./এডিঃ স্থায়ী ঠিকানা-

জনাব আহম্মদ মোস্তফা কামাল  
পিতা-মো. ওমর আলী, গ্রাম-খোড়াগাছ পশ্চিম পাড়া,  
পোস্ট-খোড়াগাছ, উপজেলা-মিঠাপুকুর, জেলা-রংপুর।

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০১১.২৩.৩২৭২

তারিখ: ১৫-০১-২০২৪

অনুলিপিঃ-

- ১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন/কন্দাল), বারি, গাজীপুর
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট ফার্ম, রংপুর
- ৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
- ৫। জনাব আহম্মদ মোস্তফা কামাল BARI0625, বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট ফার্ম, রংপুর
- ৬। জনাব আহম্মদ মোস্তফা কামাল, পিতা-মো. ওমর আলী, গ্রাম-খোড়াগাছ পশ্চিম পাড়া, পোস্ট-খোড়াগাছ, উপজেলা-মিঠাপুকুর, জেলা-রংপুর
- ৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
- ৮। এসিআর সেল/কম্পিউটার সেল/ব্যক্তিগত নথি/মাস্টার ফাইল/সংশ্লিষ্ট নথি।

(মোঃ মিজানুর রহমান খন্দকার)  
উপ-পরিচালক (প্রশাসন)  
মহাপরিচালকের পক্ষে  
ফোনঃ ৪৯২৭০০১০/৫৩০৬